



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮/৯/১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanachaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

সাকুলার নং ১০/২০২২- ২৮৮

তারিখ: ১৮/০৯/২০২২

প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানগণ

পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়: অযাচিত ভুয়া চিঠি, ফোনকল এবং ইমেইলের বিষয়ে সতর্ক থাকা প্রসঙ্গে।

মহোদয়,

উপরিউল্লিখিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে কিছু সংখ্যক অসাধুচক্র নিজেদের স্বার্থসিদ্ধির জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের প্রধান কার্যালয়ের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের স্বাক্ষর জাল করে ভুয়া কম্পিউটার সামগ্রীর বিলের চিঠি তৈরিপূর্বক ব্যাংকের বিভিন্ন জেলা এবং শাখা পর্যায়ে প্রেরণ করছে। এসকল চিঠির সাথে ব্যাংকের ব্যাংক কর্তৃপক্ষের কোনো ধরনের সংশ্লিষ্টতা নেই। ভুয়া চিঠির পাশাপাশি প্রতারক চক্রেরা বিভিন্ন কর্মকর্তার নামে ফেক ইমেইল আইডি খোলার পাশাপাশি সংশ্লিষ্ট জেলা এবং শাখাগুলোকে ফোন দিয়ে বিলের নামে টাকা চাচ্ছে যা অত্যন্ত উদ্বেগজনক।

০৩। এছাড়াও কিছু প্রতারকচক্র বদলির কথা বলে ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তা কর্মচারীদের নিকট থেকে মোটা অংকের টাকা হাতিয়ে নিচ্ছে বলেও জানা যাচ্ছে। ব্যাংকিং প্রতিষ্ঠানে বদলী একটি স্বাভাবিক প্রক্রিয়া। বদলী প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী বদলী নীতিমালা-২০২১ ইতোমধ্যে জারি করা হয়েছে। এই বিষয়ে কোন ধরনের আর্থিক লেনদেন বা তদবির প্রবিধান মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।

০৪। সাম্প্রতিক সময়ে বিভিন্ন অনলাইন পোর্টাল, ফেসবুক গ্রুপে পল্লী সঞ্চয় ব্যাংকে আকর্ষণীয় বেতনে চাকুরির বিজ্ঞপ্তি দেখা যাচ্ছে যা সম্পূর্ণ অবৈধ এবং অমূলক। ব্যাংকে দশম গ্রেড থেকে উপরের সকল পদে নিয়োগের কার্যক্রম ব্যাংকার্স সিলেকশন কমিটির মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। এছাড়াও অন্যান্য পদে নিয়োগের সিদ্ধান্ত হলে তা বহলভাবে প্রচারিত জাতীয় দৈনিকে উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হয়ে থাকে।

০৫। উপরিউক্ত বিষয়গুলোর প্রতি পল্লী সঞ্চয় ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীদের বিশেষভাবে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদান হলো। কেউ এসকল ফাঁদে পা দিয়ে আর্থিকভাবে প্রতারিত হলে পরবর্তীতে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দায়ী থাকবেনা। পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত যেকোন তথ্যের জন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো-

ক্র: নং	নাম ও পদবী	ইমেইল	মোবাইল নাম্বার
১	মো: ইসমাইল মিয়া সহকারী মহাব্যবস্থাপক	agmadmin@pallisanachaybank.gov.bd	01938878955
২	মো: তানভীর হাসান মজুমদার সিনিয়র অফিসার	Tanvir.hasan@pallisanachaybank.gov.bd	01958601534

অনুমোদনক্রমে,

১৮/০৯/২০২২

(মো: ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক
তারিখ: ১৮/০৯/২০২২

পসব্য/প্রকা/প্রশা-১০৮/২০২২-২৩/ ২৮৮(৪)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. অফিস নথি।

১৮-৯
২০২২

(মো: তানভীর হাসান মজুমদার)
সিনিয়র অফিসার